

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**  
**Date : 30-08-2025**  
**Time: 07.35-07.40 AM Hrs**  
**BENGALI MORNING BULLETIN**

---

**Offer Distribution- Finance Minister :**

অর্থমন্ত্রী প্রণজিঃ সিংহ রায় গতকাল সচিবালয়ে ২৩ জন সিনিয়র কম্পিউটার অ্যাসিস্ট্যান্টের হাতে নিয়োগপত্র তুলে দেন। তিনি বলেন, অর্থ দপ্তরের কাজে আরও গতি আনার লক্ষ্যে এবং তথ্য-প্রযুক্তির নিত্যনতুন উদ্ভাবনী শক্তিকে কাজে লাগিয়ে সামনের দিকে এগিয়ে চলার জন্যই সিনিয়র কম্পিউটার অ্যাসিস্ট্যান্টদের নিয়োগ করা হয়েছে। তিনি সদ্য নিয়োগপ্রাপ্তদের সততা, নিষ্ঠা ও দায়বদ্ধতা রেখে দায়িত্ব পালন করার আহবান জানান।

\*\*\*\*\*

**PM Japan :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ভারত ও জাপানের অংশীদারিষ্ব, বিশ্বের শান্তি ও স্থিতিশিল্পের জন্য অত্যন্ত জরুরী। গতকাল টোকিও-এ জাপানের প্রধানমন্ত্রী শিগেরু ইষিবার সঙ্গে পঞ্চদশ ভারত-জাপান বার্ষিক শিথর সম্মেলনে যোগদানের পর এক যৌথ সাংবাদিক সম্মেলনে একথা জালান তিনি। সম্মেলনে উভয় নেতা, দ্বিপাক্ষিক সম্পর্কের সমস্ত দিক পর্যালোচনা করেন। সাংবাদিক সম্মেলনে মোদী বলেন, জাপানি প্রধানমন্ত্রীর সঙ্গে তাঁর আলোচনা, অত্যন্ত সদর্থক ও ইতিবাচক ছিল।

# # # # # Byte-PM # # # # #

অন্যদিকে, জাপানের প্রধানমন্ত্রী যৌথ সাংবাদিক সম্মেলনে বলেন, ভারত তার উদ্ভাবনী ক্ষমতার মাধ্যমে, গোটা বিশ্বে রূপান্তর ঘটিয়েছে। ভারত ও জাপানের পারস্পরিক সম্পর্ক, দু'দেশের পক্ষেই সমান উপযোগী বলেও তিনি মন্তব্য করেন। এই উপলক্ষ্যে ভারত ও জাপান, বেশ কয়েকটি চুক্তিতেও স্বাক্ষর করে।

\*\*\*\*\*

### **Tripura Gramin Bank :**

ত্রিপুরা গ্রামীন ব্যাংকের মোহনপুর শাখার উদ্যোগে গতকাল জিরানিয়া হরিজয় চৌধুরী গ্রাম পঞ্চায়েতে জনসুরক্ষা শিবিরের আয়োজন করা হয়। শিবিরে ত্রিপুরা গ্রামীন ব্যাংকের চেয়ারম্যান সতেন্দ্র সিং এবং নাবার্ডের ডিজিএম দিগন্ত কুমার দাস প্রধানমন্ত্রী সুরক্ষা বিমা যোজনা, প্রধানমন্ত্রী জীবন জ্যোতি বিমা যোজনা, অটল পেনশন যোজনা এবং প্রধানমন্ত্রী জনধন যোজনা সম্পর্কে ব্যাংক কর্মচারীদের অবহিত করেন এবং প্রকল্পগুলির প্রয়োজনীয়তার ওপর আলোকপাত করেন।

\*\*\*\*\*

### **Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল আকাশবাণীর মন-কি-বাত অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে মন-কি-বাত এর ১২৫তম পর্ব। বেলা ১১টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও মন কি বাত সম্প্রচারিত হবে। হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

\*\*\*\*\*

### **Kala Utsab-Kishore Barman :**

উচ্চশিক্ষামন্ত্রী কিশোর বর্মন বলেন, শিল্প ও কলা হলো আম্বার ভাষা এবং জীবনের আলো। ভারতবর্ষে শিল্প ও কলার মাহাত্ম অসীম এবং অমূল্য। গতকাল নলছড় কমিউনিটি হলঘরে নলছড় উচ্চবিদ্যালয়ের উদ্যোগে এবং জেলা শিক্ষা কার্যালয় ও জেলা প্রশাসনের সহযোগিতায় সিপাহীজলা জেলাভিত্তিক কলা উৎসবের উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি ছাত্রছাত্রীদের লেখাপড়ার পাশাপাশি সাংস্কৃতিক অঙ্গনে নিজেদের যুক্ত করার আহ্বান জানান।

\*\*\*\*\*

### **SBI-Brishaketu Debbarma :**

শিল্প ও বাণিজ্য রাষ্ট্রমন্ত্রী বৃষকেতু দেববর্মা গতকাল হেজামারা ন্যকের শানখলা বাজারে স্টেট ব্যাঙ্ক অব ইণ্ডিয়ার শানখলা শাখার উদ্বোধন করেন। তিনি বলেন রাজ্য ও কেন্দ্রীয় সরকারের উন্নয়নমূলক কাজের ফলে বিভিন্ন অংশের মানুষ উপকৃত হচ্ছে। গ্রামীণ এলাকার স্বাস্থ্য ব্যবস্থা, রাস্তাঘাট ইত্যাদির ব্যাপক উন্নতি ঘটেছে। অনুষ্ঠানে বক্তব্য রাখেন পশ্চিম জেলার জেলাশাসক ডা. বিশাল কুমার, এসবিআই-এর ডেপুটি জেনারেল ম্যানেজার অজিত কুমার পোদার প্রমুখ।

\*\*\*\*\*

### **Co-Ordination Committee Meeting :**

পূর্বের আগে সীমান্তে নিরাপত্তা জোরদার করার লক্ষ্যে গতকাল সাক্ষম থানায় বিএসএফ, পুলিশ ও গোয়েন্দা বিভাগের আধিকারিকদের নিয়ে সমন্বয় কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় সীমান্ত চোরাচালান ঠেকানো সহ মহকুমার আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

\*\*\*\*\*

### **Free Cataract Surgery Camp- Dhalai :**

ধলাই জেলা হাসপাতালের উদ্যোগে এবং জেলা প্রশাসনের তত্ত্বাবধানে তিনি দিনব্যাপী বিনামূল্যে চোখের ছানি অপারেশন শিবির গতকাল শেষ হয়েছে। ধলাই জেলা হাসপাতালে আয়োজিত এই শিবিরে মোট ২৮ জন রোগী বিনামূল্যে ছানি অপারেশনের সুবিধা পেয়েছেন।

\*\*\*\*\*

### **Kho-Kho Ranibazar :**

রানীরবাজার বিদ্যামন্দির মাঠে ক্রীড়া দলের উদ্যোগে গতকাল পশ্চিম ত্রিপুরা জেলাভিত্তিক স্কুল স্পোর্টস অনূর্ধ্ব ১৭ বালক-বালিকা খো-খো প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতার মূলন করেন রানীরবাজার পুর পরিষদের চেয়ারপার্সন অপর্ণা শুল্কদাস। প্রতিযোগিতায় সদর, মোহনপুর এবং জিরানীয়া মহকুমার বালক-বালিকা অংশগ্রহণ করে।

\*\*\*\*\*

### **Weather :**

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস।

\* \* \* \* \*